WIDA ACCESS কী?

WIDA ACCESS হলো একটি পরীক্ষা যা কিন্ডারগার্টেন থেকে দ্বাদশ শ্রেণির (K-12) সেইসব শিক্ষার্থীদের জন্য নেওয়া হয় যাদের ইংরেজি শিক্ষার্থী (English learners) হিসেবে চিহ্নিত করা হয়েছে। একজন ইংরেজি শিক্ষার্থী হলো এমন একজন ছাত্র বা ছাত্রী যাকে আনুষ্ঠানিকভাবে চিহ্নিত করা হয়েছে যে, ইংরেজিতে পাঠ্যক্রম বা পড়াশোনায় সফলভাবে অংশ নেওয়ার জন্য তার ভাষাগত সহায়তা প্রয়োজন।

WIDA ACCESS শিক্ষার্থীদের ইংরেজি ভাষার দক্ষতা পরিমাপ করে চারটি ক্ষেত্রে: শোনা (Listening), পড়া (Reading), বলা (Speaking) এবং লেখা (Writing)।

আমার সন্তান কেন WIDA ACCESS পরীক্ষা দেবে?

আপনার সন্তানকে একজন ইংরেজি শিক্ষার্থী হিসেবে চিহ্নিত করা হয়েছে। ইংরেজি শিক্ষার্থীরা প্রতি বছর WIDA ACCESS-এর মতো একটি ইংরেজি ভাষা দক্ষতা পরীক্ষা দেয়। আপনার সন্তানের ইংরেজি ভাষায় দক্ষতা কতটা বাড়ছে তা যাচাই করার একটি উপায় হিসেবে শিক্ষকরা WIDA ACCESS-এর ফলাফল ব্যবহার করেন।

WIDA ACCESS পরীক্ষার স্কোর বা ফলাফল কীভাবে ব্যবহৃত হয়?

ক্লাসরুমে পুরোপুরি অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের প্রয়োজনীয় ভাষাগত দক্ষতা আছে কি না, তা বুঝতে এই পরীক্ষাটি শিক্ষকদের সাহায্য করে। আপনার সন্তানের স্কুলের পড়াশোনার পাশাপাশি, শিক্ষকরা WIDA ACCESS পরীক্ষার স্কোর ব্যবহার করে সিদ্ধান্ত নেন কীভাবে আপনার সন্তানকে সবচেয়ে ভালো উপায়ে শেখানো যায়।

ইংরেজি ভাষার দক্ষতা

একটি ইংরেজি ভাষা দক্ষতার স্তর হলো একটি পরিমাপ যা দেখায় যে শিক্ষার্থীরা ইংরেজিতে বিষয়ভিত্তিক নির্দেশনা বোঝার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জনের প্রক্রিয়ায় কোন অবস্থানে আছে। যখন শিক্ষার্থীরা ইংরেজি ভাষা দক্ষতার সর্বোচ্চ স্তরে পৌঁছায়, তখন তাদের আর ইংরেজিতে বিষয়ভিত্তিক নির্দেশনায় অংশগ্রহণের জন্য ভাষা সহায়তা পরিষেবার প্রয়োজন হয় না।

পরীক্ষার স্কোর শিক্ষকদের বুঝতে সাহায্য করে যে আপনার সন্তান একাডেমিক বা পড়াশোনার ইংরেজি শিখতে কতটা উন্নতি করছে এবং স্কুলকে সিদ্ধান্ত নিতে সাহায্য করে যে কোন ধরনের ইংরেজি ভাষা সহায়তা পরিষেবা প্রদান করা উচিত। আপনি আপনার সন্তানের জন্য স্কুলে কথা বলতে বা অ্যাডভোকেসি করতে এই পরীক্ষার তথ্য ব্যবহার করতে পারেন।



WIDA UNIVERSITY OF WISCONSIN–MADISON

WIDA is housed within the Wisconsin Center for Education Research at the University of Wisconsin–Madison.

© 2025 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA

WIDA ACCESS-এর জন্য প্রস্তুতি

- WIDA ACCESS-এর জন্য আপনার সন্তানের পড়াশোনা বা মুখস্থ করার প্রয়োজন নেই। এই পরীক্ষাটি শিক্ষার্থীদের জন্য একটি সুযোগ, যেখানে তারা দেখাতে পারে যে তারা কতভাবে ইংরেজি বুঝতে এবং যোগাযোগ করতে পারে।
- WIDA ওয়েবসাইটের ACCESS Sample Items পেজে, wida.wisc.edu/assess/access/preparing-students/practice-এ WIDA ACCESS পরীক্ষার প্রশ্নের উদাহরণ পাওয়া যাবে।
- পরীক্ষার দিনের প্রস্তুতির জন্য নিশ্চিত করুন যে আপনার সন্তান যেন পর্যাপ্ত ঘুমায় এবং সকালে নাস্তা করে।
- আপনার সন্তানের শিক্ষকদের সাথে কথা বলুন—কখন আপনি পরীক্ষার স্কোর পাবেন, আপনার সন্তানের স্কুল কীভাবে সেই স্কোর ব্যবহার করবে এবং কীভাবে আপনার পরিবার বাড়িতে আপনার সন্তানের ভাষার বিকাশে সহায়তা করতে পারে।

আপনার সন্তানের শিক্ষকদের আপনি যে প্রশ্নগুলো করতে পারেন

- আমার সন্তান কখন WIDA ACCESS পরীক্ষা দেবে?
- আমি কখন আমার সন্তানের WIDA ACCESS পরীক্ষার স্কোর বা ফলাফল পাব?
- আমার সন্তানের ইংরেজি ভাষার বিকাশের লক্ষ্যগুলো কীভাবে রেকর্ড এবং ট্র্যাক করা হবে?
- একাডেমিক বা পড়াশোনার ইংরেজি শেখার ক্ষেত্রে আমার সন্তানের উন্নতিতে সাহায্য করার জন্য পরীক্ষার স্কোরগুলো কীভাবে ব্যবহার করা হয়?
- আপনারা কীভাবে সিদ্ধান্ত নেন যে কখন আমার সন্তানের ইংরেজি ভাষা পরিষেবা বা সহায়তা নেওয়া বন্ধ করা উচিত?

WIDA is housed within the Wisconsin Center for Education Research at the University of Wisconsin-Madison.
© 2025 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA